বনু সুলাইমের কয়েকটি বস্তির ওপর বদ দো‘আ করার জন্যে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রুকূ‘র পরে এক মাস ব্যাপী কুনূত পাঠ করেছেন। তিনি বলেন, তিনি চল্লিশ —রাবী সন্দেহ করছেন অথবা সত্তর জন — কারীকে মুশরিকদের কতক লোকের নিকট পাঠান। এরা তাদের বিরুদ্ধে অবস্থান নেয় এবং তাদেরকে হত্যা করে। অথচ তাদের মাঝে ও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মাঝে চুক্তি ছিল। তিনি তাদের থেকে যে কষ্ট পেলেন আর কারো কাছ থেকে এত কষ্ট পেতে আমি দেখিনি।

‘আসিম হতে বর্ণিত, তিনি বলেন, আমি আনাস রাদিয়াল্লাহু আনহুকে কুনূত সম্পর্কে জিজ্ঞেস করলাম। তিনি বললেন, রুকূ‘র পূর্বে। আমি বললাম, অমুক ধারণা করে আপনি বলেছেন, রুকূ‘র
পরে? তিনি বললেন, সে মিথ্যা বলেছে। তারপর তিনি আমাদেরকে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বর্ণনা করেন: “তিনি বনু সুলাইমের কয়েকটি বস্তির ওপর বদ দো‘আ করার জন্যে রুকূ‘র পরে এক মাস ব্যাপী কুনূত পাঠ করেছেন। তিনি বলেন, তিনি চল্লিশ —রাবী সন্দেহ করছেন অথবা সত্তর জন — কারীকে মুশরিকদের কতক লোকের নিকট পাঠান। এরা তাদের বিরুদ্ধে অবস্থান নেয় এবং তাদেরকে হত্যা করে। অথচ তাদের মাঝে ও নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর মাঝে চুক্তি ছিল। তিনি তাদের থেকে যে কষ্ট পেলেন আর কারো কাছ থেকে এত কষ্ট পেতে আমি দেখিনি।
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

হাদীসটি বিপদের সময় কুনূত পড়ার বৈধতা বর্ণনা করছে। আর এটি হবে রুকূ থেকে ওঠার পর। কারণ, বনূ সুলাইম যখন তাদের মাঝে এবং মুসলিমদের সংঘটিত চুক্তি মুসলিমদের সত্তর বা চল্লিশ জন কারী যাদের রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের নিকট প্রেরণ করেন তাদের হত্যার মাধ্যমে ভঙ্গ করল, তখন তিনি একমাস তাদের জন্য সালাতে রুকূর পর বদ-দো‘আ করেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/10932